ভোরের কাগজ

APR. 10 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ......

# এসএসসি অংক পরীক্ষার ব্যাপারে একটু ভাববেন কি?

এবারের এসএসসি পরীক্ষার অংক প্রশ্নপত্র হঠাৎ করে জটিল করে ফেলা হয়। ছাত্রছাত্রীদের পদ্ধতিগত শিক্ষাদান না করে এবং এই ব্যাপারে কোনো প্রকার আগাম ইঙ্গিত না দিয়ে অংকের প্রশ্ন এতোটাই জটিল করা হয় যে, পরীক্ষার পর অধিকাংশ ছাত্রছাত্রী এই বিষয়ে অকৃতকার্য হওয়ার আশঙ্কা প্রকাশ করেছে। স্কুলের শিক্ষক-শিক্ষিকাগণও অবাক হয়েছেন। তাদের মতে, স্মরণকালে এতো কঠিন প্রশ্নপত্র তারা দেখেননি।

পরীক্ষায় খারাপ করার পর ভবিষ্যৎ নিয়ে চিন্তিত। এই ব্যাপারে অধিকাংশ অভিভাবকের মতামত হলো- যেহেতু সন্দেহাতীতভাবে প্রশ্নপত্র জটিল হয়েছে এবং ছাত্রছাত্রীরা পরীক্ষায় খারাপ করেছে সেহেতু ফলাফল প্রণয়নের সময় অংক বিষয়টি বাদ দিয়ে গ্রেড প্রদান করা হোক। এতে ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রী সুবিচার পাবে বলে আশা করা যায়।

এটা না হলে ঢাকা বোর্ডের পরীক্ষার্থীরা অন্যান্য বোর্ডের পরীক্ষার্থীর তুলনায় পিছিয়ে পড়বে কারণ তাদের এ রকম সমস্যার সম্মুখীন হতে হয়নি। বিষয়টি দ্রুততার সঙ্গে ভেবে দেখা দরকার। ভুলটি যেহেতু সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সেহেতু এর দায় কোনোভাবেই ছাত্রছাত্রীদের ওপর চাপিয়ে দেওয়া যায় না। এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়া না হলে ঢাকা বোর্ডের হাজার হাজার পরীক্ষার্থীর ভবিষ্যৎ ক্ষতিগ্রস্ত হবে।

মোহাম্মদ সেলিম মল্লিক
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।